গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোহনগঞ্জ,নেত্রকোণা।

**উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির এপ্রিল- ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা । |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ নেত্রকোণা । |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৫.০৪.২০২২ খ্রিঃ, বিকাল ৩.০০ টা। |

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' -তে সন্নিবেশিত**

সভার প্রারম্ভে উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সকল এনজিও প্রতিনিধিকে তাদের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর উপস্থিত সকল এনজিও প্রতিনিধি তাদের বিভাগীয় বক্তব্য উপস্থাপন করেন।

| | |
|---|---|
| ০১. | **ইএসডিও, এনজিও ঃ** ব্যবস্থাপক, সভায় জানান, মার্চ-২০২২ মাসে উপজেলার ০১টি পৌরসভা ও ০৭টি ইউনিয়নে মোট ০৮টি মাতৃত্বভাতাভোগী নির্বাচন কমিটির সভা করা হয়। মার্চ-২০২২ মাসে ১৪০ জনকে মাতৃত্বভাতাভোগী নির্বাচন করা হয়। হেল্প লাইনের মাধ্যমে গর্ভবতী ৫৫ জন মায়ের সেবা প্রদান করা হয়। মার্চ ২০২২ মাসে ৪০ টি গর্ভবতী মায়ের হোম ভিজিট করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। ৭৫ টি জন্ম নিবন্ধন কাজে সহায়তা করা হয়। |
| ০২. | **ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপমেন্ট(ডিএফইডি):** শাখা ব্যবস্থাপক, ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপমেন্ট(ডিএফইডি) সভায় জানান, ক্ষুদ্র ঋণ কার্যক্রমসহ ভিক্ষুক পূর্নবাসন কার্যক্রম ও স্বাস্থ্যসেবা কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। |
| ০৩. | **পপিঃ** ব্যবস্থাপক, পপি, মোহনগঞ্জ শাখা সভায় জানান, ক্ষুদ্র ঋণ কার্যক্রমসহ স্যানিটেশন কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালিত হচ্ছে। |
| ০৪. | **টিএমএসএসঃ** ব্যবস্থাপক, টিএমএসএস, মোহনগঞ্জ শাখা সভায় জানান, ১২% হার সুদে ক্ষুদ্র ঋণ কার্যক্রমসহ স্যানিটেশন কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালিত হচ্ছে। |
| ০৫ | **পল্লী বন্ধু ঃ** ম্যানেজার,পল্লী বন্ধু সভায় জানান উপজেলার ০৪টি ইউনিয়নে সমিতির ক্ষুদ্র ঋণ কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচেছ। |
| ০৬ | **পারিঃ** ম্যানেজার, পারি সভায় জানান এ উপজেলায় ক্ষুদ্র ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচেছ। |
| ০৭ | **উদ্দীপনঃ** ব্যবস্থাপক, উদ্দীপন সভায় জানান, বর্তমান অর্থ বৎসরে নতুন চালুকৃত এ প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে কোন সমস্যা নেই। |
| ০৮ | **নারী প্রগতি সংঘ,** ব্যবস্থাপক, নারী প্রগতি সংঘ, মোহনগঞ্জ শাখা জানান, মার্চ- ২০২২ মাসে মোহনগঞ্জ উপজেলায় সিবিও সভা করা হয়েছে। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। |
| ০৯ | **স্বাবলম্বী উন্নয়ন সমিতি ঃ** ব্যবস্থাপক, স্বাবলম্বী উন্নয়ন সমিতি জানান, উপজেলার ২৫টি গ্রামে ৬০টি দলে স্বাবলম্বী উন্নয়ন সমিতির মোট সদস্য সংখ্যা ৫৩৫ জন, এর মধ্যে ঋণী সংখ্যা ৪৪০ জন, এ যাবত ঋণ বিতরণ ৪৮,৫০,২১,০০০/- টাকা, নারী নির্যাতন প্রতিরোধ কমিটির মাধ্যমে নারী নির্যাতন, বাল্য বিয়ে, যৌতুকসহ সামাজিক বিভিন্ন সমস্যার সমাধান করা হয়। প্রত্যেক মাসে সচেতনতা বৃদ্ধির জন্য উঠাণ, বৈঠক করা হয়। |
| ১০. | **আব্দুর রহমান ফাউন্ডেশনঃ** ব্যবস্থাপক আব্দুর রহমান ফাউন্ডেশন সভায় জানান উক্ত ফাউন্ডেশনের থেকে শীতার্তদের শীতবস্ত্র, ইফতার সামগ্রী ও কোরবানির মাংস বিতরণসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। |
| ১১. | **সূর্যের হাসি ক্লিনিকঃ** ব্যবস্থাপক সূর্যের হাসি ক্লিনিক সভায় জানান, উপজেলার ০৭(সাত)টি ইউনিয়ন ও পৌরসভায় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। |
| ১২. | **ব্যুরো বংলাদেশ, মোহনগঞ্জ ঃ** শাখা ব্যবস্থাপক, ব্যুরো বংলাদেশ, মোহনগঞ্জ জানান, তার প্রতিষ্ঠানের মোট সদস্য সংখ্যা ১৯৯৪ জন। ঋণ প্রদান ১৬৭২ জনকে। ঋণ বিতরণ ৮২,৮০,০০০.০০ টাকা, কৃষি ঋণ বিতরণ ৫৬,৪০,০০০.০০ টাকা, ঋণ অবশিষ্ট ৮,২৬,৫৭,৮৮৪.০০ টাকা, সঞ্চয় আদায় ১১,৯৭,২০৮.০০ টাকা, সঞ্চয় অবশিষ্ট ২,৩৩,১২,০৬৪.০০ টাকা, রেমিট্যান্স প্রদান সংখ্যা ০৫ জন, রেমিট্যান্স প্রদান টাকা ২,৬৭,৯৭৪.০০ টাকা, স্যানিটেশন সেবা ৩৪৯ জন। এছাড়া মাইক্রো ক্রেডিট ফাইন্যান্স, ক্ষুদ্র ঋন বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। রেমিটেন্স আহরণের এজেন্ট হিসেবে কাজ করছে। |
| ১৩. | **আশাঃ** সিনিয়র রিজিওনাল ম্যানেজার, আশা মোহনগঞ্জ অঞ্চল সভায় জানান, মার্চ- ২০২২ মাসে ১১৮৫ জন সদস্যের মাঝে ৭,৭০,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ছিল। তার মধ্যে ১১০৫ জন সদস্যকে ৭,৪৮,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়। অর্জনের হার ৯৭%। ডিসেম্বর ২০২১ মাসে ১১ জন সদস্যের বাড়ীতে স্বাস্থ্যসম্মত স্যানিটেশন স্থাপন ও করোনা ভ্যাকসিন টিকা রেজিস্ট্রেশন কার্ড করে দেয়া হয়। এছাড়া আশা ঝিমটি স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে অত্র উপজেলার সুবিধাবঞ্চিত মানুষের প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। |

CamScanner

| | |
|---|---|
| ১৪. | ব্র্যাকঃ শাখা ব্যবস্থাপক ,ব্র্যাক সভায় জানান, মোট সদস্য সংখ্যা ১৪৪৭৫ জন, চলতি ঋণীর সংখ্যা ৯০০৯ জন এবং মোট ঋণী ১২৫৩০ জন। ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম ও ঋণ আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। |
| ১৫. | ডেমিয়েন ফাউন্ডেশন ঃ ক্লিনিক ইনচার্জ, ডেমিয়েন ফাউন্ডেশন, মোহনগঞ্জ জানান, মার্চ ২০২২ মাসে সন্দেহজনক যক্ষা রোগী পরীক্ষা করা হয় ৩১০ জন, সনাক্তকৃত রোগী ২০ জন। বর্তমানে ক্লিনিকে চিকিৎসাধীন রোগী ১৪০ জন, সন্দেহজনক কুষ্ঠ রোগী পরীক্ষা ৯০ জন, সনাক্তকৃত রোগী ০০ জন, বর্তমানে ক্লিনিকে চিকিৎসাধীন রোগী ০২জন। |
| ১৬ | এফ আইভিডিপি ঃ প্রকল্প সমন্বয়কারী সভায় জানান, উপজেলার তেতুলিয়া, মাঘান-সিয়াধার, সমাজ-সহিলদেও ও গাগলাজুর ইউনিয়নে ৩৬০০ জন কৃষককে নিয়ে কৃষি বিষয়ক কারিগরী সভা ও মাসিক সভা এবং ৪০ জন সদস্যকে নিয়ে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়। |

উল্লিখিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | সভায় উপস্থিতি ঃ সভার উপস্থিতি পর্যালোচনায় দেখা যায় যে, এ উপজেলায় কর্মরত এনজিও'র মধ্যে ১৬টি এনজিও প্রতিনিধিগন সভায় যোগদান করেন। সভাপতি মহোদয় অনুপস্থিত এনজিও সদস্যদের প্রতি অসন্তোষ প্রকাশ করেন। আগামী সভায় সকল এনজিও প্রতিনিধিকে সভায় উপস্থিত থাকার অনুরোধ করা হয়। | সকল এনজিও প্রধান |
| ০২ | মাসিক প্রতিবেদন ঃ গত মাসের এনজিও কার্যক্রম বিষয়ে ১৬ টি এনজিওর প্রতিবেদন পাওয়া যায়। সকল এনজিও প্রধান-কে প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। তাছাড়া এনজিও সমূহ কর্তৃক পরিচালিত কার্যক্রমের প্রারম্ভে কর্মকান্ডের সহিত সম্পৃক্ত বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তাগনকে অবহিত করার জন্য এনজিও প্রতিনিধিগনকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সরকারী কর্মকর্তাগন সকল এনজিও প্রধান |
| ০৩ | প্রকল্প বাস্তবায়নের পূর্বে সভার সভাপতিকে অবহিত করাসহ স্থানীয় জনপ্রতিনিধির পরামর্শ গ্রহণ/সমন্বয় করার জন্য সকল এনজিও প্রতিনিধিকে অনুরোধ জানানো হয় । এছাড়া উপজেলার সকল এনজিও সমূহের সাথে যোগাযোগ, মাসিক এনজিও সভাসহ দাপ্তরিক বিভিন্ন কাজে সুষ্ঠু সমন্বয়ের জন্য শাখা ব্যাবস্থাপক, স্বাবলম্বী উন্নয়ন সমিতি, মোহনগঞ্জকে দায়িত্ব প্রদান করা হয়। | সকল এনজিও প্রধান ও স্বাবলম্বী উন্নয়ন সমিতি, মোহনগঞ্জ। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

25/04/22

( ছাব্বির আহমেদ আকুঞ্জি)
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২৬৩.০০০.০০.০২৭.২১.৬৮৯(৪০)

তারিখ ঃ ২৫.০৪.২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।
৩। ভাইস চেয়ারম্যান, পুরুষ/ মহিলা, মোহনগঞ্জ, নেত্রকোণা।
৪। উপজেলা ............................................................ মোহনগঞ্জ,নেত্রকোনা।
৫। চেয়ারম্যান, .................................................... ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা।
৬। ব্যবস্থাপক, ...................................................... এনজিও, মোহনগঞ্জ, নেত্রকোণা।
৭। অফিস কপি।

25/04/22

উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা ।

CS CamScanner